

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
মধুপুর, টাংগাইল
www.usso.madhupur.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০ টি বিশেষ উদ্যোগের মধ্যে অন্যতম হচ্ছে সামাজিক নিরাপত্তা কর্মসূচি। দেশের পিছিয়ে পড়া দুঃস্থ, অসহায়, দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক তথা জীবনমান উন্নয়নে দেশের ১২৩ টি কর্মসূচি বাস্তবায়ন করছে ২৪ টি মন্ত্রণালয় যার মধ্যে অন্যতম হচ্ছে সমাজকল্যাণ মন্ত্রণালয়। শুধু সমাজসেবা অধিদফতরের মাধ্যমেই ৫৪ টি কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও উপবৃত্তি, দলিত, বেদে ও হরিজন ভাতা ও শিক্ষা উপবৃত্তি, হিজরা জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি, সুদমুক্ত ক্ষুদ্রঋণ, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচিসহ আরও অনেক কর্মসূচি। ২০২২-২৩ অর্থবছরে দেশব্যাপী মোট ৫৭.০১ লক্ষ জনকে বয়স্ক ভাতা বাবদ প্রায় ৩৪৪৪.৫৪ কোটি টাকা, ২৪.৭৫ লক্ষ জনকে বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা বাবদ মোট ১৪৯৫.৪০ কোটি টাকা এবং ২৩.৬৯ লক্ষ জনকে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাবদ প্রায় ২৪.২৯.১৮ কোটি টাকা।

উপজেলা সমাজসেবা কার্যালয়, মধুপুর, টাংগাইল এর যাবতীয় কার্যক্রম সমূহ-

- ১/ বয়স্ক ভাতা উপকারভোগী- ১৫৯৫৫ জন (মাসিক ৫০০ টাকা হারে ৭৯,৭৭,৫০০ টাকা)
- ২/ বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা- ৬০৮০ জন (মাসিক ৫০০ টাকা হারে ৩০,৪০,০০০ টাকা)
- ৩/ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা উপকারভোগী- ৯৫৩৪ জন(মাসিক ৮৫০ টাকা হারে ৮১,০৩,৯০০ টাকা)
- ৪/ প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি- ১০৮ জন (মাসিক ৭৫০ টাকা থেকে ১৩০০ টাকা পর্যন্ত)
- ৫/ রোগীকল্যাণ বাবদ অদ্যবধি পর্যন্ত মোট প্রাপ্ত বরাদ্দ- ৯,৪৫,০০০ টাকা (এ পর্যন্ত দরিদ্র ৩৯৫ জনকে সহায়তা প্রদান করা হয়েছে)
- ৬/ আরএসএস সুদমুক্ত ক্ষুদ্রঋণ বাবদ মোট বিনিয়োগের পরিমাণ- ৯০,৫০,০০০/- (স্বীম ৭৮৩ জন)
- ৭/ মাতৃকেন্দ্র সুদমুক্ত ক্ষুদ্রঋণ বাবদ মোট বিনিয়োগের পরিমাণ- ১৬,৩৫,০০০/- (স্বীম ১২৫ জন)
- ৮/ দক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম মোট বিনিয়োগ- ১২,৬৭,৪০০/- (স্বীম ১৫৮ জন)

৯/ ক্যাপিটেশন প্রতিমথানা ০৬ টি তন্মধ্যে মোট নিবাসী ২৯৯ জন

১০/ সেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা -৩৬ টি

১১/ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ হতে সদ্য প্রাপ্ত আর্থিক অনুদানের পরিমাণ:-

২,৮৮,০০০/- (৫৫জন)

দুঃস্থ ও অসহায় গরীবদের আর্থিক সাহায্য ০৫ জন+ নৃ-তাণ্ডবিক গরীব জনগোষ্ঠীর আর্থিক সাহায্য ২৫ জন+

নৃ-তাণ্ডবিক জনগোষ্ঠীর শিক্ষার্থীদের আর্থিক সাহায্য ২৫ জন) চলমান

১২/ ভিক্ষুক পুনর্বাসন মোট ১৯২ জন

১৩/ হিজরা জনগোষ্ঠীর বিশেষ ভাতা ০৫ জন (মাসিক ৬০০ টাকা হারে ৩০০০ টাকা)

১৪/ অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ৩২ জন (মাসিক ৫০০ টাকা হারে ১৬০০০ টাকা)

১৫/ অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ৩৩ জন (মাসিক ৭০০ টাকা থেকে ১২০০ টাকা পর্যন্ত)